



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700019  
2nd Term: Answer Work Sheet - 17



**Class: 3**

**Subject: Bengali Text (তালগাছ )**

**Date: 09/10/2020**

১। তালগাছ কবিতাটির ১ম ৬ লাইন মুখস্থ লেখ ।

উঃ তালগাছ

রবীন্দ্রনাথ ঠাকুর

তালগাছ একপায়ে দাঁড়িয়ে  
সব গাছ ছাড়িয়ে  
উঁকি মারে আকাশে ।  
মনে সাধ কালো মেঘ ফুঁড়ে যায়,  
একেবারে উড়ে যায়  
কোথা পাবে পাখা সে !

২। ‘তালগাছ’—কবিতায় তালগাছের একপায়ে দাঁড়িয়ে কথাটা আসলে কী বুঝিয়ে বলো ।

উঃ তালগাছের কোনো পা হয় না । তালগাছের কোন শাখা প্রশাখা হয় না , একটাই কান্ড থাকে । এই গাছ সোজা উপরের দিকে উঠে যায় , আর গাছের মাথার কাছে বড়ো বড়ো পাতা হয় । তাই কবি বলেছেন তালগাছ একপায়ে দাঁড়িয়ে ।

৩। তালগাছের কী সাধ হয়েছে ? সেই সাধ সে কিভাবে পূরণ করতে চায় ?

উঃ তালগাছের খুব ইচ্ছা হয়েছে আকাশে ওড়ার ।তালগাছ অনেক উঁচু হয় আর তার বড়ো বড়ো পাতাগুলোতে হাওয়া লাগলে পাতাগুলোয় দোলা লাগে ।পাতায় হাওয়া লাগলে পাতাগুলো উড়তে থাকে ।তখন সে মনে মনে ভাবে পাতাগুলো তাকে উড়িয়ে নিয়ে কালো মেঘ ছাড়িয়ে আকাশে তারাদের ছাড়িয়ে অনেক দূরে কোথাও চলে যাবে ।

৪। ‘কোথা পাবে পাখা সে’--- এখানে পাখা কী ? পাখা পেলে তালগাছ কী করবে? তালগাছ কোন জিনিসকে তার পাখা মনে করেছে ?

উঃ এখানে পাখা বলতে কবি ডানার কথা বলতে চেয়েছেন ।আকাশে উড়তে গেলে ডানার দরকার হয় তাই তালগাছ ডানার কথা ভাবছে ।

পাখা পেলে তালগাছ আকাশের অনেক উঁচুতে উড়বে ।

তালগাছ তার গোল গোল পাতাগুলোকে তার পাখা মনে করেছে ।বড়ো হাওয়া দিলে পাতাগুলো কাঁপে তখন সে ভাবে সে উড়ে বেড়াচ্ছে ।

Manashi Chaudhuri